রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ২৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৮, ২০১৮

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩২৫—৩৩২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৭৩—৭৮৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৯—১৪৩ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৯৯—৬১৩ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৯ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬

### আদেশাবলী

তারিখ ঃ ১০ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ/২৩ এপ্রিল ২০১৮ খ্রিঃ

নং আর-৬/৭এন-১৮/২০১৮-১৬০—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ফেনী জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ ফয়েজুর রহমান, পিতা-মৌলভী ফজলুর রহমানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রির্টান) সরকারের নিকট পেশ করিবেন।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

নং **আর-৬/৭এন-৫১/২০১৫-১৬১**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ফেনী জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব নাসির উদ্দিন বাহার, পিতা-মরহুম আবদুল বারীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রির্টান) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ ঃ ২৩ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ/০৬ মে ২০১৮ খ্রিঃ

নং **আর-৬/৭এন-১৩/২০১৮-১৮৪**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মোঃ আলফাজ উদ্দিনকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রির্টান) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-১৫/২০১৮-১৮৫**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব নাফিজা খানম, স্বামী-মরহুম মোঃ আবুল আফজালকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল ঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রির্টান) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপ-সচিব (প্রশাসন-২)

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৩ বৈশাখ, ১৪২৫/০৬ মে ২০১৮

নং **২৩.০০.০০০০.০৯০.৩৯.০৮.৯৪(অংশ-১)-১৫৬**—ক্যান্টনমেন্ট এ্যাক্ট, ১৯২৪ এর ৩(৩) ধারা অনুযায়ী রামু সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ড গঠিত না হওয়া পর্যন্ত উহার প্রশাসনিক এবং উন্নয়নমূলক কার্যক্রম সম্পন্নের সুবিধার্থে অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসেবে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে উক্ত সেনানিবাসের জন্য সেনানিবাস প্রশাসন গঠন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তা | পদাধিকার |
|---|---|---|
| ১। | স্থানীয় স্টেশন কমান্ডার | সেনানিবাস প্রশাসক |
| ২। | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার | সেনানিবাস সচিব |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাশেদা জামান**
উপসচিব।

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## প্রাণিসম্পদ-৩ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৪ বৈশাখ, ১৪২৫/০৭ মে ২০১৮

নং **৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৬.১৬-১৭২**—যেহেতু, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, সংযুক্তি হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস-প্রজনন খামার স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) এ কর্মরত আছেন। বর্ণিত প্রকল্পের নির্মাণাধীন স্থাপনাসমূহ পরিদর্শনকালে অনেক অনিয়ম ও দুর্নীতির সাথে তিনি জড়িত মর্মে পরিদর্শনের সময় প্রতীয়মান হয়। তিনি প্রকল্পের সংযুক্ত কর্মকর্তা হিসেবে অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন না করে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা করেছেন বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী দুর্নীতি এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১৮/২০১৬ রুজু করে ২২-১১-২০১৬ তারিখে ৩৩.০০.০০০০.১১৯. ২৭.০০৬.১৬-১১৩ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে গত ০৮-১২-২০১৬ তারিখ লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০৫-০১-২০১৭ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানি, বিভাগীয় মামলা সংক্রান্ত কাগজপত্র ও উপস্থাপিত অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র পর্যালোচনা এবং সার্বিক দিক বিবেচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সন্তোষজনক জবাব দিতে পারেননি বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(গ) মোতাবেক এ মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ গোলাম মোস্তফাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোঃ রফিকুল ইসলাম এর বিরুদ্ধে আনীত একই বিধিমালার বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী দুর্নীতি এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় ডাঃ মোঃ রফিকুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী দুর্নীতি এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গ্রহীত হয়েছে;

সেহেতু, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা, সংযুক্তি, হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস-প্রজনন খামার স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণ এবং বিধি ৩(ঘ) অনুযায়ী দুর্নীতি এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রইছউল আলম মন্ডল**
ভারপ্রাপ্ত সচিব।

---

**যুব ও ক্রিড়া মন্ত্রণালয়**
**যুব-০১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১৭ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/০১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৪.০০.০০০০.০৫১.২৭.০৩৩.১৮-১৬৫—জনাব মোঃ আব্দুর রশিদ খান, সাবেক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া (বর্তমানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা হিসেবে কর্মরত) অফিস প্রধান হিসেবে দায়িত্ব পালনে তাঁর অদক্ষতা, উদাসীনতা ও তদারকির ক্ষেত্রে অবহেলার কারণে তার নিয়ন্ত্রণাধীন অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর জনাব মোঃ রশিদুল ইসলাম তার স্বাক্ষর জাল করে প্রায় ১৪ মাস ব্যাপী ২৬টি চেকের মাধ্যমে ঋণ কার্যক্রমের ১১,৯৪,০০০/- টাকা ব্যাংক হতে উত্তোলন করে আত্মসাৎ করেন; তার দায়িত্বের অবহেলার কারণে একই অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর অন্যান্যভাবে (ঋণের কিস্তি) ব্যাংকে জমা না দিয়ে =২,৮১,১৮১ (দুই লক্ষ একাশি হাজার একশত একাশি) টাকা আত্মসাত করেন। বর্ণিত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক যুব উন্নয়ন অধিদপ্তরের ১২-১১-২০১৭ খ্রিঃ তারিখে ৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৭.২০১৭-১৮০ নং অফিস আদেশমূলে জনাব মোঃ আব্দুর রশিদ খান, সাবেক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়াকে পরবর্তী ০১ (এক) বছরের জন্য ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি অক্রমবর্ধিষ্ণু হারে স্থগিতকরণে দণ্ড প্রদান করা হয়।

জনাব মোঃ আব্দুর রশিদ খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া (বর্তমানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা হিসেবে কর্মরত) কর্মরত থাকা অবস্থায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আরোপিত দণ্ড মওকুফ সংক্রান্ত আপিলের পরিপ্রেক্ষিতে গত ০১-০৩-২০১৮ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ আব্দুর রশিদ খান শুনানিতে হাজির হন এবং সরকার পক্ষে জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, মামলার Conducting Officer হিসেবে দায়িত্ব পালন করেন।

শুনানিকালে আপিলকারী জনাব মোঃ আব্দুর রশিদ খান, সাবেক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া জানান যে, দৌলতপুর কার্যালয়ের প্রাক্তন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর জনাব রশিদুল ইসলাম তার স্বাক্ষর জাল করে ব্যাংকের বিভিন্ন হিসাব হতে ১৩,৩৭,৫৯০/- টাকা আত্মসাত করার প্রেক্ষিতে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে তাকে দোষী সাব্যস্ত করা হয়। তিনি আরও জানান যে, আত্মসাতকৃত ১৩,৩৭,৫৯০/- টাকার মধ্যে ৬,৭০,৬৪৮/- টাকা উদ্ধার করে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করা হয়েছে। আত্মসাতকৃত অবশিষ্ট অর্থ আত্মসাতকারী জনাব মোঃ রশিদুল ইসলামের গ্র্যাচুইটির অর্থ থেকে আদায়যোগ্য হবে মর্মে নির্দেশনা আছে। তিনি তার উপর আরোপিত দণ্ড মওকুফের জন্য ক্ষমা প্রার্থনা করেন।

মামলার Conducting Officer জানান যে, জনাব মোঃ আব্দুর রশিদ খান, সাবেক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া (বর্তমানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা হিসেবে কর্মরত) থাকাকালীন তার অদক্ষতা, উদাসীনতা ও তদারকির অবহেলার জন্য এ ঘটনা ঘটেছে। তিনি ক্রেডিট ম্যানুয়াল মোতাবেক নিয়মিত ব্যাংক হিসাবের স্থিতি কার্যক্রম তদারকি করলে এ ধরণের অপরাধ সংঘটনের কোন সুযোগ তৈরি হতো না।

সার্বিক বিষয় বিবেচনা করে জনাব মোঃ আব্দুর রশিদ খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া (বর্তমানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা হিসেবে কর্মরত) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত দণ্ড প্রদান সঠিক রয়েছে মর্মে প্রতীয়মান হয়। এমতাবস্থায়, জনাব মোঃ আব্দুর রশিদ খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, দৌলতপুর, কুষ্টিয়া (বর্তমানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা হিসেবে কর্মরত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২) (বি) বিধি মোতাবেক তার ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১(এক) বছরের জন্য অক্রমবর্ধিষ্ণু হারে স্থগিতকরণ দণ্ড মওকুফের আবেদনটি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২২ (১) মোতাবেক না-মঞ্জুর করা হলো।

আদেশটি সকলকে অবহিত করা হোক।

**মোঃ আসাদুল ইসলাম**
**সচিব।**

**ভূমি মন্ত্রণালয়**

**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ ঃ ৩০ বৈশাখ, ১৪২৫/১৩ মে ২০১৮

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৪.০৪০.১২(অংশ-১).৯০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্র.ন. | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | আইসখালী | ২০ | বটিয়াঘাটা | খুলনা |
| ২ | সোলাকুড়া | ১১০ | বটিয়াঘাটা | খুলনা |
| ৩ | ছয়ঘরিয়া | ৭ | বটিয়াঘাটা | খুলনা |
| ৪ | কলাবগী সুতারখালী | ১৩ | দাকোপ | খুলনা |
| ৫ | সুতার খালী | ১৪ | দাকোপ | খুলনা |
| ৬ | চুনকুড়ি | ১৮ | দাকোপ | খুলনা |
| ৭ | বানীসান্তা | ২৫ | দাকোপ | খুলনা |
| ৮ | লক্ষীখোলা | ৮৫ | পাইকগাছা | খুলনা |
| ৯ | দেবদুয়ার | ৭৬ | পাইকগাছা | খুলনা |
| ১০ | কানুয়ারডাঙ্গা | ৯২ | পাইকগাছা | খুলনা |
| ১১ | কমলাপুর | ১০৩ | পাইকগাছা | খুলনা |
| ১২ | কালুয়া | ১০৫ | পাইকগাছা | খুলনা |
| ১৩ | করুলিয়া | ১০৯ | পাইকগাছা | খুলনা |
| ১৪ | দক্ষিণ কাটামারি | ১১৪ | পাইকগাছা | খুলনা |
| ১৫ | তেঁতুলতলা | ১২৭ | পাইকগাছা | খুলনা |
| ১৬ | পুটিমারি | ১৩১ | পাইকগাছা | খুলনা |
| ১৭ | দিঘলিয়া | ১৩৯ | পাইকগাছা | খুলনা |
| ১৮ | কালিনগর | ১৫১ | পাইকগাছা | খুলনা |
| ১৯ | হরিণখোলা | ১৫২ | পাইকগাছা | খুলনা |
| ২০ | নোয়াই | ১৫৪ | পাইকগাছা | খুলনা |
| ২১ | কুশখালী | ৯ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা |
| ২২ | সাতআনী ভাদড়া | ৫৪ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা |
| ২৩ | আগরদাড়ী | ৫৫ | সাতক্ষীরা সদর | সাতক্ষীরা |
| ২৪ | গোপালপুর | ২৫ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ২৫ | পূর্ব বিড়ালক্ষী | ১০৭ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ২৬ | তাল বাড়ীয়া | ১১৭ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ২৭ | গড় কুমারপুর | ১২০ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ২৮ | কুলটুকরি | ৩৩ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ২৯ | কাশিপুর | ৯০ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৩০ | কাঁঠাল বাড়িয়া | ১১২ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৩১ | মেন্দিনগর | ৬৪ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৩২ | শংকরকাটি | ১০০ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৩৩ | ঈশ্বরীপুর | ৮৮ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৩৪ | ইসমাইলপুর | ৯২ | শ্যামনগর | সাতক্ষীরা |

| ক্র.ন. | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ৩৫ | বংশীপুর | ৮৫ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৩৬ | কালিঞ্চি | ৮০ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৩৭ | সৈয়দালিপুর | ৪৫ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৩৮ | আস্তাখালী | ৭২ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৩৯ | যাদবপুর | ৩০ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৪০ | মাহমুদপুর | ২৮ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৪১ | ঝাপা | ১২২ | শ্যামনগর | সাতক্ষীরা |
| ৪২ | গাজীপুর | ১০১ | আশাশুনি | সাতক্ষীরা |
| ৪৩ | সেনেরগাতি | ৮ | তালা | সাতক্ষীরা |
| ৪৪ | আমানুল্যাপুর | ৪৯ | তালা | সাতক্ষীরা |
| ৪৫ | মহম্মদপুর | ৫১ | তালা | সাতক্ষীরা |
| ৪৬ | ঢামসাখোলা | ৬৩ | তালা | সাতক্ষীরা |
| ৪৭ | ডুমুরিয়া | ৮০ | তালা | সাতক্ষীরা |
| ৪৮ | গোপালপুর | ৯১ | তালা | সাতক্ষীরা |
| ৪৯ | পাঁচরুখী | ১০৫ | তালা | সাতক্ষীরা |
| ৫০ | মদনপুর | ১১২ | তালা | সাতক্ষীরা |
| ৫১ | নওয়াপাড়া | ১১৬ | তালা | সাতক্ষীরা |
| ৫২ | খানপুর | ১২১ | তালা | সাতক্ষীরা |
| ৫৩ | চরকানাইদিয়া | ১৩৩ | তালা | সাতক্ষীরা |
| ৫৪ | গঙ্গারামপুর | ১৩৬ | তালা | সাতক্ষীরা |
| ৫৫ | চাপানঘাট | ১৩৯ | তালা | সাতক্ষীরা |
| ৫৬ | মচন্দপুর গজারিয়া | ০৪ | চিতলমারী | বাগেরহাট |
| ৫৭ | মচন্দপুর | ০৫ | চিতলমারী | বাগেরহাট |
| ৫৮ | সুরশাইল | ৩৫ | চিতলমারী | বাগেরহাট |
| ৫৯ | খলিশাখালী উত্তর | ৪০ | চিতলমারী | বাগেরহাট |
| ৬০ | হামছাপুর | ২২ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| ৬১ | কন্দর্পপুর | ৪১ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| ৬২ | বড় হরিপুর | ৫১ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| ৬৩ | কিসমত গড়ঘাটা | ৬৭ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| ৬৪ | জামুয়া | ৭৯ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| ৬৫ | পাঠামারা | ৯৩ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |
| ৬৬ | মানিক খোলা | ১০৫ | মোড়েলগঞ্জ | বাগেরহাট |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৪.০০৩.১৮.৯২—১৯৩৫** সনের বেঙ্গল সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়ালের ৩২১ বিধিমতে নিম্নোক্ত মৌজার গঠন ও নামকরণের প্রস্তাব সরকার কর্তৃক অনুমোদন করা হয়েছে :—

| ক্র.ন. | জেলার নাম | উপজেলার নাম | প্রস্তাবিত মৌজার নাম | | প্রস্তাবিত জে এল নং | এরিয়া (আনুমানিক) | | মিস কেইস নং |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাংলায় | ইংরেজীতে | | একর | বর্গমাইল | |
| ১. | ফেনী | সোনাগাজী | ভাটির চর | Bhatir Char | ১০৩ | ২৭৬২ | ৪.৩১৬ | ২৬/২০১৭ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল মতিন**
যুগ্মসচিব।

**অধিশাখা-২(মাঠ প্রশাসন)**

**আদেশ**

তারিখ ঃ ২৫ এপ্রিল ২০১৮

নং **৩১.০০.০০০০.০৪৬.১৫.০৪৯.১৫(অংশ).২২৯**—নির্দেশিত হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮-০৬-২০১৪ তারিখের ০৪.০০.০০০০.২১২.০৬.০০১.১৪.৪৪(১) নং প্রজ্ঞাপনে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১০৯তম সভার সিদ্ধান্ত অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৭ অধিশাখার ২২-১২-২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৫৬.১৫.০০২.১৫-২২৬ নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ৩০-১০-২০১৭ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-০১/অংশ-১/২০১২-১২০ নং স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ শাখার ৩১-১২-২০১৭ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৬.১২-২৬৪ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১১-০৩-২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০০৪.১৮-৯৯ নং স্মারকের মাধ্যমে ২২ ফাল্গুন ১৪২৪/০৬ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০১৮ সালের ৪র্থ সভার সিদ্ধান্ত মোতাবেক সিলেট জেলার ওসমানীনগর উপজেলার উপজেলা ভূমি অফিসের জন্য রাজস্বখাতে অস্থায়ীভাবে নিম্নোক্ত ১১(এগার)টি পদ আগামী ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত অস্থায়ীভাবে সৃজনে নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি ঃ—

| ক্রমিক নং | পদের নাম ও পদসংখ্যা | অর্থবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনগ্রেড/মাসিক ন্যূনতম সেবামূল্য (জা:বে:স্কে: ২০১৫) | নিয়োগযোগ্যতার শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ০১ | কানুনগো ০১(এক)টি | টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | নিয়োগের যোগ্যতাঃ অর্থ বিভাগের ১৪-০১-২০১০ তারিখের অম/অবি (বাস্ত-১)/ভূমি-১৮/২০০৬/১৪ নং স্মারকের শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ০২ | সার্ভেয়ার ০১(এক)টি | টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | নিয়োগের যোগ্যতাঃ ভূমি হুকুম দখল অফিসের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ০৩ | প্রধান সহকারি কাম-হিসাব রক্ষক ০১(এক)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | নিয়োগের যোগ্যতাঃ The Recruitment Rules for the Upazila Revenue Officers and Staff (Management Side) Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ০৪ | নাজির-কাম-ক্যাশিয়ার ০১(এক)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | |
| ০৫ | মিউটেশন কাম-সার্টিফিকেট সহকারী ০১(এক)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | |
| ০৬ | সার্টিফিকেট পেশকার ০১(এক)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | |
| ০৭ | সার্টিফিকেট সহকারী ০১(এক)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/-(গ্রেড-১৬) | |
| | | আউটসোর্সিং | |
| ০৮ | প্রসেস সার্ভার ০১(এক)টি | টাঃ ১৫২০০/-(মাসিক ন্যূনতম সেবামূল্য) (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়নগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য) | আউটসোর্সিং নীতিমালা, ২০০৮ অনুযায়ী পদপূরণযোগ্য। |
| ০৯ | অফিস সহায়ক ০১(এক)টি | টাঃ ১৪৯৫০/-(মাসিক ন্যূনতম সেবামূল্য) (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়নগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য) | |
| ১০ | চেইনম্যান ০১(এক)টি | | |
| ১১ | নিরাপত্তা প্রহরী ০১(এক)টি | | |

২। উল্লিখিত পদগুলোর বেতন ও ভাতা ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট হতে নির্বাহ করা হবে।

৩। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৪। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি, ও জারি করা হলো।

**মোঃ মনিরুজ্জামান মিঞা**
**উপসচিব।**

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃংখলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১৬ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং **৪৫.১৫০.০২৭.০৪.০০.০০.০০৩.২০১৮-১৬৫**—যেহেতু, ডাঃ মাহমুদুল হাসান আকাশ (১২৮৬৩০), সহকারী সার্জন (ডেন্টাল), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবচর, মাদারীপুর এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশো-০৩) এর ১১ (গ)/৩০ এ ১৬-০২-২০১৮ তারিখে ঢাকার সবুজবাগ থানায় ফৌজদারী মামলা নং-২৮ দায়ের করা হয়;

যেহেতু, অভিযুক্তকে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশো-২০০৩ এর ১১ (গ)/৩০) মোতাবেক ঢাকার সবুজবাগ থানা পুলিশ কর্তৃক ১৬-০২-২০১৮ তারিখে রাতে গ্রেফতার করা হয় এবং ১৭-০২-২০১৮ তারিখে শুনানীর পর বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা ডাঃ মাহমুদুল হাসান আকাশ এর জামিন না মঞ্জুর করে তাকে জেলহাজতে প্রেরণের নির্দেশ প্রদান করেন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মাহমুদুল হাসান আকাশ (১২৮৬৩০), সহকারী সার্জন (ডেন্টাল), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবচর, মাদারীপুরকে বি.এস.আর. পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ১৬-০২-২০১৮ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালিন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ১১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং **বিচার-৭/২এন-৮২/২০১৭-৩৮৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ শাহীন পারভেজ, পিতা মৃত আবু তাহের, মাতা আম্বিয়া খাতুন, ১৩২ শহীদ ফারুক সড়ক, ৫০ নং ওয়ার্ড, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, পশ্চিম যাত্রাবাড়ী, ঢাকা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৫০ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**নির্মাণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১৯ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং **৪৫.১৬৭.০৮৬.০০০০.০৪৪.২০১৬-৩৬৪**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগাধীন ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জ এর নাম '২৫০ শয্যাবিশিষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতাল, সিরাজগঞ্জ' হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলমগীর হোসেন**
উপসচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**অধিশাখা-১০**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ০৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং **২৫.০০.০০০০.০২৩.৩৫.০০১.১৮-১২৩**—মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট নং ৭৪২/১৯৯৫ এর ০১-১১-৯৮ তারিখের রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক দায়েরকৃত সিপি নং ২২/১২/১১ এর ২৭/১১/২০১৪ তারিখের আদেশের বিরুদ্ধে সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং বিজ্ঞ আইন উপদেষ্টা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক এ রায়ের বিরুদ্ধে রিভিউ না করার মত প্রদান করায় সরকার এতদ্বারা বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ২৩ সেপ্টেম্বর, ১৯৮৬ এর ৯৭৬৪(১৭) নং পাতায় প্রকাশিত পরিত্যক্ত সম্পত্তির “খ” তালিকার ২১ নং ক্রমিকের পরিত্যক্ত বাড়ি নং ভি/৯, ব্লক-ডি, মোহাম্মদপুর, ঢাকা, পরিত্যক্ত সম্পত্তির “খ” তালিকা হতে অবমুক্ত করলেন।

২। তবে, অবমুক্তির পূর্ব পর্যন্ত বাড়িটি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় অন্তর্ভুক্ত থাকাকালীন সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিল্লুর রহমান**
উপসচিব।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**
**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**অধিশাখা-১০**

**প্রজ্ঞাপন**

তারিখ ঃ ১৯ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০২ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

নং **শা-১২/এপি-সি-৪০/৮৮/০১**—মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের সিপিএল নং-১৭৯২/২০০৯ (রিট নং ৭১৬০/২০০১ থেকে সৃষ্ট) এর ১১.০৪.২০১০ তারিখের রায় বাস্তবায়নার্থে এবং বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং সলিসিটির উইং, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক এ রায়ের বিরুদ্ধে রিভিউ না করার মত প্রদান করায় সরকার এতদ্বারা বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, ২৬ ডিসেম্বর, ১৯৮৮ এর ১৫৬৪৬ নং পাতায় পরিত্যক্ত সম্পত্তির “খ” তালিকার ৩ নং ক্রমিকে প্রকাশিত পরিত্যক্ত বাড়ি নং-৯/১৭, ব্লক-সি, মোহাম্মদপুর, ঢাকা, পরিত্যক্ত সম্পত্তির “খ” তালিকা হতে অবমুক্ত করলেন।

২। এ অবমুক্তির পূর্ব পর্যন্ত বাড়িটি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় অন্তর্ভুক্ত থাকাকালীন সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিল্লুর রহমান**
উপসচিব।